বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি

জাতীয় সদর দপ্তর, ঢাকা

**প্রেস বিজ্ঞপ্তি**

**বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন-২০২৬-এর মনোনয়নপত্র বিতরণ সম্পন্ন; ১০ সেপ্টেম্বর জমা ও ১২ সেপ্টেম্বর বাছাই**

**ঢাকা, ৯ সেপ্টেম্বর ২০২৬:**

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির (বিডিআরসিএস) ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন-২০২৬ উপলক্ষ্যে আজ ৯ সেপ্টেম্বর, ২০২৬ আনুষ্ঠানিকভাবে প্রার্থীদের মাঝে মনোনয়নপত্র বিতরণ করা হয়েছে। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির জাতীয় সদর দপ্তরে অবস্থিত ব্যবস্থাপনা পরিষদের সভাকক্ষে দিনব্যাপী বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন পরিচালনা সংক্রান্ত নির্বাচন কমিশনের প্রধান নির্বাচন কমিশনার ফরহাদ আহাম্মদ খান এবং নির্বাচন কমিশনার মুশফীক আহাম্মদ ও ডাঃ মোঃ এমদাদুল হক-এর উপস্থিতিতে আগ্রহী প্রার্থীগণ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কাছ থেকে মনোনয়নপত্র সংগ্রহ করেন।

আগামীকাল ১০ সেপ্টেম্বর, ২০২৬ বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত একই স্থানে মনোনয়নপত্র জমা নেওয়া হবে। এরপর আগামী ১২ সেপ্টেম্বর ২০২৬, শনিবার সকাল ১১টায় প্রার্থী বা তাদের অনুমোদিত প্রতিনিধিদের উপস্থিতিতে দাখিলকৃত মনোনয়নপত্রগুলোর আনুষ্ঠানিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে। ঘোষিত সময়সূচি অনুযায়ী নির্বাচনের অন্যান্য সমস্ত কার্যক্রম পর্যায়ক্রমে পরিচালিত হবে।

উল্লেখ্য যে, সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে নির্বাচন পরিচালনার স্বার্থে গত ২৩ আগস্ট ২০২৬ তারিখে এই তিন সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়। নির্বাচন কমিশন গত ৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখে নির্বাচনের পূর্ণাঙ্গ তফসিল ঘোষণা করে। ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ১৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে ব্যবস্থাপনা পর্ষদের ১টি ভাইস চেয়ারম্যান, ১টি ট্রেজারার এবং ১২টি সাধারণ সদস্য পদসহ মোট ১৪টি পদে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

৯/৯/২০২৬
ফরহাদ আহাম্মদ খান
প্রধান নির্বাচন কমিশনার
বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ
নির্বাচন কমিশন-২০২৬

9.9.26
ডাঃ মোঃ এমদাদুল হক
নির্বাচন কমিশনার
বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ
নির্বাচন কমিশন-২০২৬

৯/৯/২০২৬
মুশফীক আহাম্মদ
নির্বাচন কমিশনার
বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ
নির্বাচন কমিশন-২০২৬